খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় ত্রৈ-মাসিক (জানুয়ারি/ ২০২২ - মার্চ/ ২০২২) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| সভার স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |
| তারিখ | | ৩১ মার্চ, ২০২২ । |
| সময় | : | বেলা ১০:৩০ ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সে অনুযায়ী ৩য় ত্রৈ-মাসিক (জানুয়ারি/ ২০২২ - মার্চ/ ২০২২) সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সে আলোকে সভার কার্যক্রম শুরু হয়।

আলোচ্যসুচী অনুযায়ী কেডিএ'র ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত ৩য় ত্রৈ-মাসিক (জানুয়ারি/ ২০২২ - মার্চ/ ২০২২) কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | • কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ২য় ত্রৈ-মাসিকের (অক্টোবর/২০২১-ডিসেম্বর/২০২১)সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |
| ২. | স্টেক হোল্ডারগণের সাথে সভা। | • ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর লক্ষ্যমাত্রা মোতাবেক ৪র্থ ত্রৈ-মাসিকে (এপ্রিল/২০২২-জুন/২০২২) আবাসন উদ্যোক্তা , কেডিএ'র আবাসিক এলাকা কল্যাণ সমিতি ও খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসরদের সাথে সভা করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• অথরাইজড শাখা সংশ্লিষ্ট অংশীজনদেরকে শুনানীর জন্য একটি কার্যদিবসে একত্রে ১০/১২ জনকে একক স্মারকে পত্র প্রেরণ করতে হবে এবং শুনানী শেষে রেজুলেশন বের করতে হবে।<br>• অনুরূপভাবে প্রতি সপ্তাহে বুধবার আগত বৈষয়িক শাখা সংশ্লিষ্ট অংশীজনদের (ময়ূরী আবাসিক এলাকার প্লট রেজিস্ট্রেশনের জন্য আগত বরাদ্দগ্রহীতাগন) সমন্বয়ে ব্রিফিং/ সভা করে রেজুলেশন বের করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | পরিচালক (এস্টেট), অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার |
| ৩. | কর্ম পরিবেশ উন্নয়ন । | • কেডিএর কর্মপরিবেশ উন্নয়নের অংশ হিসেবে বিভিন্ন মেরামত কার্যক্রম যেমন কেডিএ সম্মেলন কক্ষ পূনর্বিন্যাস , নিচ তলার ভগ্নাদশা মিলনায়তন এর Retrofitting এবং চেয়ারম্যান এঁর দপ্তরে সেবা প্রত্যাশীদের জন্য অপেক্ষাগার প্রস্ততের এবং রক্ষণাবেক্ষণ শাখা পূনর্বিন্যাস ও স্থানান্তর করার মাধ্যমে কর্মপরিবেশ উন্নয়নের জন্য গঠিত Re-arrangement কমিটি কার্যক্রম তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । এ ছাড়া কর্মপরিবেশ উন্নয়ন পূর্ববর্তী ও পরবর্তী ছবি সংরক্ষন করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো । | প্রধান প্রকৌশলী<br>স্থপতি<br>নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষন)<br>ও<br>সহকারী পরিচালক ( প্রশাসন ) |
| ৪. | শুদ্ধাচার পুরষ্কার প্রদান। | • ২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর লক্ষ্যমাত্রা মোতাবেক ৪র্থ ত্রৈ-মাসিকে ১৫-৬-২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কেডিএর কর্মকান্ড অনুসারে জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালার আলোকে কর্তৃপক্ষের জন্য একটি মূল্যায়ন নীতিমালা প্রণয়ন করতে হবে । এ লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) ও পরিকল্পনা | সচিব |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | পরিকল্পনা অফিসার সমন্বয়ে একটি কমিটি গঠন করার অফিস আদেশ জারি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ৫. | প্রকল্পের ডিপিপি প্রণয়নে সতর্কতা অবলম্বন। | • প্রকল্পের ডিপিপি বার বার সংশোধনের প্রবণতা পরিহার করতে হবে। সেজন্য ডিপিপি প্রণয়নের সময় দূরদর্শিতা, বিধিমালা ও অনুশাসন নীতিমালা অনুসরণ, স্পষ্ট উচ্চারণ ও বিবৃতিমূলক প্রকল্প কাঠামো প্রণয়ন ইত্যাদি বিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য পূনরায় সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী ( প্রকল্প) |
| ৬. | প্রকল্পের PSC ও PIC সভার কার্যবিবরণী ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ। | • প্রকল্পের PSC ও PIC সভার কার্যবিবরণী ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার জন্য পূনরায় সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>ও<br>নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) |
| ৭. | প্রকল্পের বাস্তব অগ্রগতি পর্যবেক্ষণ। | • প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে নিবিড় পর্যবেক্ষণসহ প্রকল্পের অগ্রগতি চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• সাপ্তাহিক অগ্রগতি সমন্বিত করে প্রতি কোয়ার্টারে একটি করে প্রতিবেদন শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২.৩ নং কার্যক্রমের প্রমানক স্বরূপ নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রকল্প পরিচালকবৃন্দ<br>ও<br>নির্বাহী প্রকৌশলী ( প্রকল্প ) |
| ৮. | সেবা গ্রহীতাগণের সাথে সরাসরি যোগাযোগের জন্য ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে ভার্চুয়াল পয়েন্ট স্থাপন করে মধ্যস্বত্বভোগীদের উপস্থিতি পরিহার। | • বর্তমানে R F I D পাশের মাধ্যমে নিয়ন্ত্রিত প্রবেশ ব্যবস্থার আওতায় ল্যাপটপ-ক্যামেরার মাধ্যমে সেবা প্রদানকারী শাখার সাথে প্রয়োজনীয় যোগাযোগ ব্যবস্থার প্রচলন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী পরিচালক ( প্রশাসন)<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| ৯. | সেবা সপ্তাহ পালন | • শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারে (জানুয়ারি/ ২০২২-মার্চ/২০২২) সেবা সপ্তাহ যথাযথভাবে পালন করা হয়েছে। সেবা প্রদানকারী শাখা যথা- বৈষয়িক শাখা, অথরাইজড শাখা এবং পরিকল্পনা শাখা কর্তৃক সেবা সপ্তাহে কত গুলি সেবার আবেদন জমা হয়েছে এবং কতগুলি নিষ্পন্ন করা হয়েছে সেবার নামসহ তার পরিসংখ্যানের যথাযথ প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• এখন থেকে সেবা সপ্তাহ ও মেলা আয়োজনের জন্য একজন কর্মকর্তা ডেডিকেটেড করে দিতে হবে যিনি সেবা সপ্তাহ ও মেলার বিষয়ে করণীয় নির্ধারণ করবেন এবং চেয়ারম্যান মহোদয়ের নিকট থেকে পর্যাপ্ত সময় থাকতেই প্রস্তাব অনুমোদন করে নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সচিব<br>পরিচালক (এস্টেট)<br>অথরাইজড অফিসার<br>পরিকল্পনা অফিসার<br>ও<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| ১০. | ই-নথির বাস্তবায়ন | • বর্তমানে প্রতি মাসে ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। ই-নথিতে আরো গতিশীলতা আনায়নের লক্ষ্যে বর্তমান ৩য় কোয়ার্টারে এ সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ৪র্থ কোয়ার্টারে ( এপ্রিল-জুন /২২) সম্মানীত সদস্যবৃন্দের সমন্বয়ে ই-নথি সংশ্লিষ্ট ২ দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট শাখা প্রধান<br>ও<br>সহকারী পরিচালক ( প্রশাসন ) |
| ১১. | অনলাইনে ভুমি ব্যবহারের ছাড়পত্র প্রদান। | • কেডিএ'র সেবার মান উন্নত করণের জন্য চলমান অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদানের গতি আরও বেগবান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>• ভূমি ব্যবহারের ছাড়পত্র সংক্রান্ত সেবা কার্যক্রমের প্রত্যয়নমূলক প্রতিবেদন (নিষ্পন্ন ও অনিষ্পন্নের কারণ উল্লেখসহ) প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিকল্পনা অফিসার |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২. | দাপ্তরিক ডকুমেন্ট সমূহের সফট কপির পাশাপাশি হার্ড কপি সংরক্ষণ। | • দাপ্তরিক ডকুমেন্ট এর সফট কপির পাশাপাশি হার্ড কপি ও স্থায়ী, অস্থায়ী সকল ধরণের রেজিস্টার হাল নাগাদ করে সংরক্ষণ করার জন্য পূনরায় সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল শাখা প্রধান |
| ১৩. | কমিটি কর্তৃক NOC / Plan এর নমূনা ভিজিট | • কেডিএতে গঠিত নৈতিকতা কমিটির ( ঙ) নং কার্যপরিধির আওতায় অনুমোদিত NOC/Plan এর অন্তত এক তৃতীয়াংশ উক্ত কমিটি প্রয়োজনীয় পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | সংশ্লিষ্ট কমিটি |
| ১৪. | সেবা সহজীকরণ | • পূর্বে সেবা সংক্রান্ত ফি, ফরমের মূল্য ও ভ্যাট ৩ টি ভিন্ন ব্যাংকে জমা প্রদান করতে হতো। সেবাগ্রহীতাদের ভোগান্তির কথা বিবেচনা করে উল্লেখিত অর্থ শুধুমাত্র রূপালী ব্যাংকের একটি শাখায় একত্রে জমা প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ফলে সেবা গ্রহীতাদের সময় ও কষ্ট লাঘব হয়েছে। সেবা সহজীকরণের উক্ত প্রথা বহাল রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | পরিচালক ( এস্টেট),<br>অথরাইজড অফিসার<br>ও<br>পরিকল্পনা অফিসার |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

১৭/০৪/২০২২

ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

পরিশিষ্ট- "ক"

## ৩১/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার হাজিরা

স্থানঃ কেডিএ সম্মেলন কক্ষ

সময়ঃ ১০.৩০ মিঃ

| ক্রঃনং | নাম ও পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | বীর মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ<br>সদস্য (এস্টেট), কেডিএ , খুলনা ও সদস্য নৈতিকতা কমিটি। | ৩১/৩/২২ | ০১৭১১-৬১৮৮২৬ |
| ০২। | সচিব, কেডিএ , খুলনা ও সদস্য নৈতিকতা কমিটি। | ৩১/৩/২২ | |
| ০৩। | জনাব শামীম জেহাদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( অঃ দাঃ), কেডিএ, খুলনা ও সদস্য নৈতিকতা কমিটি। | | ০১৭১১৮২৫৬০২ |
| ০৪। | জনাব এম এম হোসেন আলী<br>অর্থ ও হিসাব রক্ষণ অফিসার , কেডিএ, খুলনা ও সদস্য নৈতিকতা কমিটি। | ৩১/০৩/২০২২ | ০১৭১৬৯৮২৭৯৮ |
| ০৫। | জনাব মোঃ মামুনুল আবেদীন,<br>উপ-পরিচালক ( বাজেট ও নিরীক্ষা ) , কেডিএ, খুলনা সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নৈতিকতা কমিটি। | ৩১/০৩/২২ | ০১৭১১৬০৮৫৭২ |
| ০৬। | জনাব মুনতাসির মামুন.<br>নির্বাহী প্রকৌশলী ( রঃবেঃ)( চঃ দাঃ)কেডিএ , খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নৈতিকতা কমিটি | Muntasir Mamun 31/03/22 | |
| ০৭। | জনাব মোরতোজা আল মামুন<br>নির্বাহী প্রকৌশলী ( প্রকল্প) ( অঃ দাঃ), কেডিএ , খুলনা ও সদস্য নৈতিকতা কমিটি। | ৩১/৩/২২ | 01920210620 |
| ০৮। | জনাব মোঃ নাজমুল হুদা<br>সহকারী প্রোগ্রামার , কেডিএ , খুলনা ও সদস্য নৈতিকতা কমিটি। | ৩১/৩/২২ | 01918-610898 |